দৈনিক ইত্তেফাক ৬৪

তারিখ ... FEB..9 .. 1999 ... ...
পৃঃ ৪ কলাম ৭

## বইয়ের দাম বেশী কেন?

গত ১লা ফেব্রুয়ারী দৈনিক ইত্তেফাকে প্রকাশিত 'কলিকাতার প্রকাশকরা একুশের বইমেলায় অংশ নিতে চায়' শীর্ষক রিপোর্টটি পড়িয়া বাংলাদেশের বই আর লেখক-লেখিকাগণের প্রতি কলিকাতার পাঠক আর লেখকদের মনোভাব জানিলাম এবং ক্ষুব্ধ হইলাম। একটি কথা এখন স্পষ্ট যে, কলিকাতার বইমেলায় বাংলাদেশকে আমন্ত্রণ জানানো হয় একটি পাল্টা আমন্ত্রণ পাইবার জন্য। এমনিতেই বাংলাদেশে রহিয়াছে কলিকাতার বাংলা বই ও পত্রিকার এক বিশাল বাজার। ইহার মধ্যে কিছু আসে বৈধভাবে আমদানী হইয়া, কিছু আসে পাইরেসি অথবা অন্য কোন উপায়ে। ইহার পরেও যদি একুশের বই মেলাসহ অন্য মেলাগুলিতে কলিকাতার প্রকাশকদের আমন্ত্রণ জানানো হয়। তবে আমাদের প্রকাশনা ব্যবসা লাটে উঠিবে তাহাতে সন্দেহ নাই। মানের দিক হইতে বাংলাদেশের লেখকদের বই আগাইয়া থাকিলেও কলিকাতার লেখকদের বইয়ের সাথে প্রতিযোগিতায় টিকিতে পারিতেছে না শুধুমাত্র বইয়ের দামের কারণে। আমার মত একজন স্বল্প আয়ের শ্রমজীবী মানুষ দেশের লেখকের এই ভালো বই পড়ার ইচ্ছাকে শিকায় তুলিয়া রাখে বইয়ের গায়ে মুদ্রিত দাম দেখিয়া। বইয়ের বাজারে আমাদের সমস্যা অনেক। তবুও প্রধান সমস্যা সম্ভবত বইয়ের দাম। লেখক-প্রকাশক সবার কাছেই অনরোধ, খুঁজিয়া বাহির করা হউক কেন আমাদের বইয়ের দাম বেশী। বাণিজ্যমুখী প্রবণতা রোধ করিয়া বইয়ের দাম কমাইয়া পাঠক সৃষ্টির ব্যবস্থা নেওয়া হউক।

আজমত রানা,
ঠাকুরগাঁও রোড,
ঠাকুরগাও-৫১০১।